# বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮

( ২০১৮ সনের ৭১ নং আইন )

**রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা কার্যক্রম বা পাঠ্যক্রমের স্বীকৃতি, রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা ইউনিট অনুমোদন, রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন, এবং উহাদের যোগ্যতা ও সেবার মান নির্ধারণ ও নিশ্চিতকরণের উদ্দেশ্যে কাউন্সিল গঠন এবং এতৎসংশ্লিষ্ট বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন**

যেহেতু রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষা কার্যক্রম বা পাঠ্যক্রমের স্বীকৃতি, রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা ইউনিট অনুমোদন, রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন, এবং উহাদের যোগ্যতা ও সেবার মান নির্ধারণ ও নিশ্চিতকরণের উদ্দেশ্যে কাউন্সিল গঠন এবং এতৎসংশ্লিষ্ট বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল, যথা:-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে,-

(১) "কাউন্সিল" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল;

(২) "তপশিল" অর্থ এই আইনের সহিত সংযুক্ত কোনো তপশিল;

(৩) "নির্বাহী কমিটি" অর্থ ধারা ১০ এর অধীন গঠিত নির্বাহী কমিটি;

(৪) "প্রতিবন্ধী ব্যক্তি" অর্থ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ধারা ৩ এ বর্ণিত প্রতিবন্ধী ব্যক্তি;

(৫) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত কোনো প্রবিধান;

(৬) "ফৌজদারী কার্যবিধি'' অর্থ Code of Criminal Procedure, 1898 (Act V of 1898);

(৭) "বিধি'' অর্থ এই আইনের অধীন প্রণীত কোনো বিধি;

(৮) "রিহ্যাবিলিটেশন" অর্থ কতিপয় স্বীকৃত পদ্ধতি অথবা ব্যবস্থার সমষ্টি, যাহা প্রতিবন্ধী ব্যক্তি অথবা প্রতিবন্ধিতার ঝুঁকিতে রহিয়াছে এইরূপ কোনো ব্যক্তির প্রাত্যহিক অথবা ব্যবহারিক জীবনমানের প্রত্যাশিত উন্নয়ন ঘটাইবার মাধ্যমে জীবনের সকলক্ষেত্রে পারিপার্শ্বিক পরিবেশের সহিত স্বাভাবিক ও অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করে;

(৯) "রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ান" অর্থ কাউন্সিল কর্তৃক এই আইনের অধীন নিবন্ধিত এমন কোনো টেকনিশিয়ান, যাহার তৃতীয় তপশিলে উল্লিখিত যোগ্যতা রহিয়াছে, এবং যিনি রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের তত্ত্বাবধানে সেবা প্রদান করেন;

(১০) "রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট" অর্থ কাউন্সিল কর্তৃক এই আইনের অধীন নিবন্ধিত এমন কোনো টেকনোলজিস্ট, যাহার দ্বিতীয় তপশিলে উল্লিখিত যোগ্যতা রহিয়াছে, এবং যিনি রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের তত্ত্বাবধানে সেবা প্রদান করেন;

(১১) "রিহ্যাবিলিটেশন পেশাজীবী" অর্থ কাউন্সিল কর্তৃক এই আইনের অধীন নিবন্ধিত এমন কোনো পেশাজীবী যাহার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় তপশিলে উল্লিখিত যোগ্যতা রহিয়াছে;

(১২) "রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার" অর্থ কাউন্সিল কর্তৃক এই আইনের অধীন লাইসেন্স প্রাপ্ত কোনো রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার, যাহার প্রথম তপশিলে উল্লিখিত যোগ্যতা রহিয়াছে;

(১৩) "রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান" অর্থ চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ তপশিলে উল্লিখিত রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান;

(১৪) "রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট" অর্থ কাউন্সিল কর্তৃক এই আইনের অধীন অনুমোদিত কোনো সরকারি বা বেসরকারি হাসপাতালের অধীন রিহ্যাবিলিটেশন সেবা প্রদানের নিমিত্ত সৃষ্ট সেন্টার, বিভাগ বা ইউনিট;

(১৫) "রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান" অর্থ কাউন্সিল কর্তৃক এই আইনের অধীন অনুমোদিত কোনো রিহ্যাবিলিটেশন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান;

(১৬) "রেজিস্ট্রার" অর্থ ধারা ৮ এর অধীন নিয়োগকৃত কাউন্সিলের রেজিস্ট্রার; এবং

(১৭) "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় অথবা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন অথবা ক্ষেত্রবিশেষে রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ (State Medical Faculty) কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান।

**কাউন্সিল প্রতিষ্ঠা**

৩। (১) এই আইন কার্যকর হইবার পর যথাশীঘ্র সম্ভব সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল নামে একটি কাউন্সিল প্রতিষ্ঠা করিবে।

(২) কাউন্সিল একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে, এবং এই আইনের বিধানাবলি সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার, হস্তান্তর করিবার এবং চুক্তি সম্পাদন করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**কাউন্সিলের কার্যালয়**

৪। (১) কাউন্সিলের প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত হইবে।

(২) সরকার, প্রয়োজনবোধে, দেশের যে কোনো স্থানে কাউন্সিলের অধঃস্তন বা শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**কাউন্সিলের গঠন**

৫। (১) কাউন্সিল নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, যিনি কাউন্সিলের সভাপতিও হইবেন;

(খ) স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক মনোনীত একজন অতিরিক্ত সচিব;

(গ) চেয়ারপার্সন, নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ড;

(ঘ) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর;

(ঙ) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর;

(চ) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন;

(ছ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক মনোনীত একজন অন্যূন যুগ্মসচিব;

(জ) গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন অন্যূন যুগ্মসচিব;

(ঝ) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন অন্যূন যুগ্মসচিব;

(ঞ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত একজন অন্যূন যুগ্মসচিব;

(ট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত একজন অন্যূন যুগ্মসচিব;

(ঠ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক মনোনীত একজন অন্যূন যুগ্মসচিব;

(ড) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন অন্যূন যুগ্মসচিব;

(ঢ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন অন্যূন যুগ্মসচিব;

(ণ) সরকার কর্তৃক মনোনীত পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের সংশ্লিষ্ট অনুষদের ডিনগণ হইতে অনধিক ০৩ (তিন) জন ডিন;

(ত) বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন সদস্য;

(থ) ন্যাশনাল ইনস্টিটিউট অব ট্রমাটোলজি অ্যান্ড অর্থোপেডিক রিহ্যাবিলিটেশন (National Institute of Traumatology and Orthopaedic Rehabilitation) এর পরিচালক বা তদকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(দ) পরিচালক, বাংলাদেশ মেডিক্যাল রিসার্চ কাউন্সিল;

(ধ) সরকার কর্তৃক মনোনীত (অধ্যাপক পদমর্যাদার) একজন বিশেষজ্ঞ চিকিৎসক, যিনি রিহ্যাবিলিটেশন সেবা সংশ্লিষ্ট কর্মকাণ্ডে ন্যূনতম ১৫ (পনেরো) বৎসর যাবৎ সম্পৃক্ত;

(ন) বাংলাদেশ ফিজিক্যাল মেডিসিন ও রিহ্যাবিলিটেশন সংস্থা (Bangladesh Association of Physical Medicine and Rehabilitation) কর্তৃক মনোনীত একজন সদস্য;

(প) ট্রাস্ট ফর রিহ্যাবিলিটেশন অব দি প্যারালাইজড কর্তৃক মনোনীত একজন সদস্য;

(ফ) সভাপতি, বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল অথবা তৎকর্তৃক মনোনীত উক্ত কাউন্সিলের একজন অন্যূন ডেপুটি নিবন্ধক;

(ব) সরকার কর্তৃক মনোনীত প্রতিবন্ধী ব্যক্তির রিহ্যাবিলিটেশনে সক্রিয়ভাবে কর্মরত একজন ব্যক্তি;

(ভ) বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশন কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(ম) সরকার কর্তৃক মনোনীত প্রথম তপশিলের (১) আবশ্যিকভাবে, (২) ও (৩) সংশ্লিষ্ট পেশাজীবী সংগঠনসমূহের প্রতিটি হইতে ন্যূনতম ০১ (এক) জন প্রতিনিধিসহ সর্বমোট ০৫ (পাঁচ) জন প্রতিনিধি;

(য) সরকার কর্তৃক মনোনীত সেবা গ্রহণকারীদের মধ্য হইতে একজন প্রতিনিধি; এবং

(র) কাউন্সিলের রেজিস্ট্রার, যিনি কাউন্সিলের সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-ধারা (২) এর দফা (ধ), (ন), (ফ), (ব), (ভ), (ম) ও (য) তে উল্লিখিত মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন:

তবে শর্ত থাকে যে, উপ-ধারা (২) এ উল্লিখিত মেয়াদ শেষ হইবার পূর্বে মনোনয়ন প্রদানকারী কর্তৃপক্ষ উক্ত যে কোনো সদস্যকে তাহার দায়িত্ব হইতে যে কোনো সময় অব্যাহতি প্রদান করিতে পারিবে।

(৩) কাউন্সিলের কোনো সদস্য, সভাপতি বরাবরে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন, তবে সভাপতি কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত পদত্যাগ কার্যকর হইবে না।

(৪) কোনো ব্যক্তি একাধিক যোগ্যতায় কাউন্সিলের সদস্য হইতে বা থাকিতে পারিবে না।

ব্যাখ্যা ।- এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে “পেশাজীবী সংগঠন” বলিতে প্রথম তপশিলে উল্লিখিত রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনারের পেশা সংশ্লিষ্ট ও সরকারের যথাযথ নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক পেশাজীবী সংগঠন হিসাবে নিবন্ধনপ্রাপ্ত সংগঠনকে বুঝাইবে।

**কাউন্সিলের দায়িত্ব ও কার্যাবলি**

৬। কাউন্সিলের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-

(ক) বাংলাদেশে স্বীকৃত প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার, রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট ও রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ানকে প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি প্রদান;

(খ) বাংলাদেশের বাহিরে অবস্থিত রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান অথবা সমজাতীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান;

(গ) অন্য কোনো দেশের রিহ্যাবিলিটেশন কাউন্সিল বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত আলোচনার মাধ্যমে সেই দেশের রিহ্যাবিলিটেশন বিষয়ক শিক্ষাগত যোগ্যতার বিষয়ে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে স্বীকৃতি প্রদানসহ এতদসংক্রান্ত পরিকল্পনা গ্রহণ ও পরিচালনা;

(ঘ) রিহ্যাবিলিটেশন পেশাজীবীদের জন্য আবশ্যিক পেশাগত বা শিক্ষাগত যোগ্যতার ন্যূনতম ও অভিন্ন মান নির্ধারণ, পাঠ্যসূচি ও পাঠক্রমের মান ও মেয়াদ নির্ধারণ;

(ঙ) রিহ্যাবিলিটেশন পেশাজীবীদের জন্য আবশ্যিক পেশাগত বা শিক্ষাগত যোগ্যতার সকল পর্যায়ে ভর্তির যোগ্যতা, নীতিমালা ও শর্তাদি নির্ধারণ;

(চ) রিহ্যাবিলিটেশন পেশাজীবীদের জন্য পেশাগত বা শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত পরীক্ষা গ্রহণ, পরীক্ষা গ্রহণ পদ্ধতি এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয়ের ন্যূনতম মান নির্ধারণ;